

# রাজবাড়ীর নূরনেছা কলেজে পাসের হার শূন্য

## এইচএসসির ফল

রাজবাড়ী প্রতিনিধি

৯ ফেব্রুয়ারি ২০২৩ ১২:০০ এএম | আপডেট: ৮ ফেব্রুয়ারি  
২০২৩ ১১:১২ পিএম

বঙ্গবন্ধু মেডিয়া

# আমাদের মাঝে

advertisement

রাজবাড়ীর কালুখালীতে এইচএসসি পরীক্ষার ফল ঘোষণা হয়েছে। মোট পরীক্ষার্থী ৩৩৮ জনের মধ্যে পাস করেছে ১৮৩ জন। ৫টি কলেজের মধ্যে কালুখালীর মদাপুর ইউনিয়নের কাটাবাড়িয়া নূরনেছা কলেজের চারজন পরীক্ষার্থী অংশগ্রহণ করলেও কেউ পাস করতে পারেনি।

কালুখালী মহিলা কলেজের অধ্যক্ষ সিকদার মমতাজ বলেন, গতকাল এইচএসসির ফলে কালুখালী উপজেলার ৫টি কলেজের পরীক্ষার্থী কালুখালী ও মৃগী দুটি কেন্দ্রে অনুষ্ঠিত পরীক্ষায় অংশগ্রহণ। কালুখালী মহিলা কলেজ এগিয়ে পাসের ফলে। কালুখালী মহিলা কলেজ ৬৪.৭৮% মোট ১৭ জন পরীক্ষার্থীর মধ্যে ১১ জন পাস করেছে, এ+ দুজন। কালুখালী সরকারি কলেজের ফল ৫৭.৪৮%, মোট পরীক্ষার্থী ২১৮ জনের মধ্যে পাস করেছে ১২৩ জন, এ+ আটজন। মৃগী শহীদ দিয়ানত কলেজে ৫২.১১% পাস করেছে। মোট ৭১ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৭ জন উত্তীর্ণ হয়, এ+ একজন।

advertisement

সহকারী শিক্ষা কর্মকর্তা জয়ন্ত দাস বিষয়টি নিশ্চিত করে বলেন, নূরনেছা কলেজের চার পরীক্ষার্থীর  
কেউ পাস করতে পারেনি।